**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকার পিলাককে প্রত্নতাত্বিক পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার প্রচেষ্টা নিয়েছে ।**

**(২) কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে বলেছেন, প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় জনজাতিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজে প্রবাসীদেরও যুক্ত করতে হবে ।**

**(৪) বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর পাকিস্তানের সমালোচনা করে বলেছেন, পাকিস্তান কয়েক দশক ধরে সন্ত্রাসবাদকে সমর্থন করার জন্য প্রশিক্ষণ শিবির পরিচালনা করছে ।**

**********************************************

**Pilak Festival :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুল মাঠে পিলাক প্রত্ন ও পর্যটন উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, পিলাক সভ্যতার নিদর্শনগুলি অভিনব। সেই সময়কার কারিগরদের দক্ষতার নিদর্শন রয়েছে নিদর্শনগুলিতে। ঐতিহাসিক দিক থেকেও পিলাকের গুরুত্ব অপরিসীম। রাজ্য সরকার পিলাককে প্রত্নতাত্বিক পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার প্রচেষ্টা নিয়েছে। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে রাজ্য সরকারের

১১টি দপ্তরের উন্নয়নমূলক কাজকর্মের খতিয়ান ও সচেতনতার বার্তাবাহী প্রদর্শনী মন্ডপের ফিতা কেটে প্রদর্শনী মন্ডপ গুলি ঘুরে দেখেন রাজ্যপাল সহ অনুষ্ঠানের অতিথিরা। তিনদিন ব্যাপী উৎসবের সাংস্কৃতিক মঞ্চে প্রথম সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়েছে।

******************************

**Union Minister :**

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে আজ আগরতলায় সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে জনজাতিদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। উভয়ের মধ্যে রাজ্যের জনজাতি সমাজের সার্বিক উন্নয়ন, তাদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন, চলমান কল্যাণমূলক কর্মসূচির অগ্রগতি এবং ভবিষ্যতে আরও কার্যকর ও অন্তর্ভুক্তিমূলক উদ্যোগ গ্রহণের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় প্রতিমন্ত্রীকে জানান, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্য সরকার জনজাতিদের সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আজ দক্ষিন জেলার বীরচন্দ্রমনু একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে রাজ্যের জনজাতি অংশের জনগণের নিত্য ব্যবহার্য পোষাক, খাদ্য সামগ্রী সহ নানা সামগ্রী নিয়ে তৈরি ট্রাইবেল কর্নারের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, দেশে মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, তেলেঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড় ও উত্তর-পূর্বাঞ্চল সহ সাড়ে ১২ কোটি জনজাতি পরিবার বসবাস করে। ভারতবর্ষে জনজাতিদের অতীত ঐতিহ্য ও পরম্পরার কথা তুলে ধরে তিনি বলেন, জনজাতিরা ধরিত্রীকে মা বলে সম্বোধন করেন এবং ভারত সহ পৃথিবীর যে কোন প্রান্তের আদিবাসীরা যে কোন পূজা পার্বনে প্রথমে ধরিত্রীর পূজা করেন। তিনি বলেন, প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রেও জনজাতিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন।

######Byte- Durgadas Wicke######

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এস.টি কর্পোরেশনের চেয়ারম্যান তথা বিধায়ক রামপদ জমাতিয়া ও দক্ষিন জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজে প্রবাসীদেরও যুক্ত করতে হবে। এতে প্রবাসীরা রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগে উৎসাহিত হবেন। আজ সচিবালয়ে বিভিন্ন দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি বিষয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আত্মনির্ভর ভারত গড়ার অঙ্গ হিসেবে পরিকাঠামোগত উন্নয়নেও বিশেষ জোর দিয়েছেন। প্রধানমন্ত্রীর লক্ষ্যকে সফল করতে নির্দিষ্ট লক্ষ্যমাত্রা সামনে রেখে রাজ্যে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করতে হবে। সভায় বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ নিজ নিজ দপ্তরের উন্নয়নমূলক কাজের অগ্রগতি তুলে ধরেন।

উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, অর্থ, পূর্ত, নগর উন্নয়ন, শিক্ষা ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিবগণ ও রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ।

***************************

**Commemoration Of Late Speaker :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধুর সেনের স্মরনে আজ বিধানসভার লবিতে এক স্মরণসভার আয়োজন করা হয়। সভায় প্রয়াত বিশ্ববন্ধু সেনের প্রতি শ্রদ্ধা জানিয়ে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ বলেন, প্রয়াত বিশ্ববন্ধু সেন ছিলেন প্রকৃত জননেতা ও মানুষের প্রতি সংবেদনশীল, একজন সাংস্কৃতিক ব্যক্তিত্ব। বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রাম প্রসাদ পাল প্রয়াতের প্রতি শ্রদ্ধা জানিয়ে অধ্যক্ষ হিসাবে বিশ্ববন্ধু সেনের ভূমিকার কথা তুলে ধরেন।

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী প্রয়াত বিশ্ববন্ধু সেনকে একজন দক্ষ রাজনীতিবীদ বলে উল্লেখ করেন। বক্তব্য রাখেন সরকারী মুখ্যসচেতক কল্যানী রায়, বিধানসভার সচিব এ কে নাথ। এর আগে অতিথিরা প্রয়াত বিশ্ববন্ধু সেনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। তাঁর স্মরনে নিরবতা পালন করা হয়।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Dr. S. Joyshankar :**

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর পাকিস্তানের সমালোচনা করে বলেছেন, পাকিস্তান কয়েক দশক ধরে সন্ত্রাসবাদকে সমর্থন করার জন্য প্রশিক্ষণ শিবির পরিচালনা করছে। আজ লুক্সেমবার্গে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে আলাপকালে ডঃ জয়শঙ্কর একথা বলেন। তিনি বলেন, আজকের বিশ্বে কিছু দেশ কেবল সেখানেই কাজ করে যেখানে তাদের লাভ হয়, কিন্তু তবুও ভারতকে বিনামূল্যে পরামর্শ দেয়। তিনি বলেন, অপারেশন সিন্দুরের সময়ও একই রকম পরিস্থিতি তৈরি হয়েছিল, যখন কিছু দেশ উত্তেজনা

নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিল, কিন্তু তারা তাদের নিজস্ব অঞ্চলের সমস্যাগুলিকে উপেক্ষা করেছিল। তিনি রাজনৈতিক, ব্যবসায়িক এবং প্রযুক্তিগত ক্ষেত্রে লুক্সেমবার্গের সঙ্গে ভারতের গভীর অংশীদারিত্বের উল্লেখ করেন। তিনি দু'দেশের মধ্যে সম্পর্ক আরও গভীর করার ক্ষেত্রে ভারতীয় প্রবাসীদের অবদানেরও প্রশংসা করেন। ইউরোপের সঙ্গে সম্পর্কের বিষয়ে মন্ত্রী বলেন, এই বছর ইউরোপের সঙ্গে ভারতের সম্পর্কের উন্নতি ঘটবে।

*************************

**Voice Over–Year of Reforms :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ২০২৫-এ বিভিন্ন সংস্কার পূর্ণ মাত্রা পেয়েছিল। গোটা বছর সচেতনভাবে আরও বড় করে ভাবা, দ্রুত গতিতে এগিয়ে যাওয়া এবং আরও ব্যাপক সংস্কারের পথ বেছে নিয়ে ভারতের জন্য স্মরণীয় হয়ে উঠেছিল। প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুরোনো আইনের বেড়াজাল থেকে বেরিয়ে আসা, কর ও নিয়ন্ত্রক কাঠামো সরলীকরণ, শিল্পের জন্য নতুন দিগন্ত উন্মোচনসহ আত্মবিশ্বাসী সামঞ্জস্যপূর্ণ যুগান্তকারী বছর ছিল ২০২৫। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

*****************************

**Bal Vivah Mukta Bharat :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেছেন, বাল্যবিবাহ একটি অভিশাপ। সমাজ থেকে এই অভিশাপ মুক্ত করতে হলে প্রতিটি নাগরিককে আরো বেশি সচেতন হতে হবে। আজ বিটারবন কমিউনিটি হলে বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান এর অঙ্গ হিসাবে শিক্ষা, সুরক্ষা, ও সুযোগ প্রতিটি শিশুর অধিকার শীর্ষক সচেতনতামূলক আলোচনাসভায় তিনি একথা বলেন। তিনি বলেন, বাল্যবিবাহ রোধ করতে হলে শিক্ষাকে হাতিয়ার করতে হবে। এইসব প্রতিবন্ধকতা দূর করতে সরকার নারীশিক্ষা, নারী ক্ষমতায়ন ও তাদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার বিষয়ে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সরকারি এইসব সুযোগ সুবিধা গ্রহণ করে প্রতিটি অভিভাবককে

তার ছেলেমেয়েদের ভবিষ্যৎ সুরক্ষিত ও সুন্দর করে গড়ে তোলার ক্ষেত্রে যথাযথ ভূমিকা গ্রহণ করতে হবে। তাহলেই ২০৩০ সালের মধ্যে দেশ ও রাজ্যকে বাল্যবিবাহ মুক্ত হিসেবে গড়ে তোলা সম্ভব। বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের উত্তর জোনালের চেয়ারম্যান প্রদীপ চন্দ, ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তি দেববর্মা, সদর মহাকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ।

****************************

**Package Story-G Ram G :**

বিকশিত ভারত জি-রাম জি আইন জনজাতি কৃষকদের জীবিকা উন্নয়নে সুদূরপ্রসারী সুফল আনতে চলেছে। এই আইনের ফলে সমন্বিত কৃষি ব্যবস্থার বিস্তার ঘটায় জনজাতি এলাকায় কৃষি হয়ে উঠবে আরো লাভজনক ও সুস্থায়ী।

#########VC#########

*******************************